সময় টিভির পরিচালকসহ ৫ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা



ছবি: সংগৃহীত

বিশ্বাসভঙ্গ, প্রতারণা ও অর্থ আত্মসাতের অভিযোগে বেসরকারি সংবাদভিত্তিক টেলিভিশন চ্যানেল সময় টেলিভিশনের পরিচালক ও সিটি গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ হাসান, প্রতিষ্ঠানটির সাবেক হেড অব মার্কেটিং আহসানুল ইসলাম, মার্কেটিং বিভাগের সাবেক সিনিয়র ম্যানেজার আয়েশা সিদ্দিকাসহ পাঁচজনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আদালত।

মঙ্গলবার (৭ জুলাই) বিকেলে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক ইশরাত জাহান এ আদেশ দেন।

আদালত সূত্রে জানা যায়, এদিন মামলার উভয় পক্ষের আইনজীবীদের বক্তব্য শুনানি শেষে আসামিদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির নির্দেশ দেওয়া হয়।

মামলার এজাহার অনুযায়ী, সময় টেলিভিশনের বিজ্ঞাপন বাবদ আদায় করা প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা আত্মসাতের অভিযোগ রয়েছে। অভিযোগে বলা হয়েছে, মার্কেটিং বিভাগের সাবেক প্রধান আহসানুল ইসলাম ও সাবেক সিনিয়র ম্যানেজার আয়েশা সিদ্দিকা এই অর্থ আত্মসাতে জড়িত ছিলেন এবং এ কাজে তাদের সহযোগিতা করেন সময় টেলিভিশনের সাবেক চেয়ারম্যান ও বর্তমান পরিচালক মোহাম্মদ হাসান।

মামলায় আরও অভিযোগ করা হয়, প্রতিষ্ঠানে নিজেদের উচ্চ পদ ও প্রশাসনিক ক্ষমতার অপব্যবহার করে পরস্পরের যোগসাজশে অভিযুক্তরা প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা আত্মসাৎ করেছেন।

এর আগে, মামলার আসামিদের আদালতে হাজির হওয়ার জন্য ৭ জুলাই সমন জারি করা হয়েছিল। তবে নির্ধারিত দিনে কেউ আদালতে উপস্থিত না হওয়ায় তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন বিচারক।